অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/14/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো চেইনস্মোকার্স কনসার্টের প্রোমোটারের বিরুদ্ধে অভিযোগ আনার ঘোষণা করেছেন

জনস্বাস্থ্য আইন লঙ্ঘনের অভিযোগে "ইন দ্য নো এক্সপেরিয়েন্সেস" এর বিরুদ্ধে 20,000 মার্কিন ডলারের জরিমানা চাইছে রাজ্য

গভর্নর এন্ড্রু এম কুওমো আজ ঘোষণা করেছেন যে স্বাস্থ্য বিভাগ (Department of Health) "ইন দ্য নো এক্সপেরিয়েন্সেস" (In the Know Experiences) কন্সার্টের প্রোমোটারকে অভিযুক্ত করেছে যিনি সাউদাম্পটনে জুলাই মাসের কনসার্টের সাথে জড়িত ছিলেন, যেখানে চেইনস্মোকার্স নামক ব্যান্ডটি জনস্বাস্থ্য আইন লঙ্ঘন করেছে এবং একটি অপরিহার্য নয় এমন সমাবেশ এবং মুখোশ পরিধানের নিয়ম বলবত করায় ব্যর্থতার জন্য 20,000 মার্কিন ডলার জরিমানা দাবি করছে।

"চেইনস্মোকার্স কনসার্টের প্রোমোটারের বিরুদ্ধে আজ নির্বাহী আদেশ এবং জনস্বাস্থ্য আইনের (Public Health Law) 16 নম্বর ধারা লঙ্ঘনের অভিযোগ আনা হয়েছে। আমি এই ঘটনার রিপোর্ট অনতিবিলম্বে যা বলেছি, এই মহামারীর শুরু থেকে আমরা নিউ ইয়র্কবাসীদের COVID-19 থেকে রক্ষা করার জন্য যে গুরুত্বপূর্ণ জনস্বাস্থ্য ব্যবস্থা গ্রহণ করেছি, এটি ছিল তার এক গুরুতর লঙ্ঘন," **গভর্নর কুওমো বলেন**। "আমরা জনগণ এবং ব্যবসায়ীদের তাদের কাজের জন্য দায়ী রাখতে থাকব এবং স্থানীয় সরকারকে অবশ্যই এই নিয়মগুলি বলবত করতে হবে, তা না হলে তাদেরও দায়বদ্ধ করতে হবে।"

জুলাই 25, 2020 এ, "ইন দ্যা নো এক্সপেরিয়েন্সেস" ওয়াটার মিলে নোভাস আর্ক প্রজেক্টে (Nova's Ark Project) চেইনস্মোকারদের "সেফ এন্ড সাউন্ড কনসার্ট সিরিজ" (Safe and Sound Concert Series) এর আয়োজন করে। সাউদাম্পটন শহর প্রোমোটারের স্পেশাল ইভেন্ট অ্যাপ্লিকেশন পর্যালোচনার পর কনসার্টের জন্য একটি বিশেষ ইভেন্ট পারমিট প্রদান করে, যেখানে COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষার জন্য অসংখ্য ব্যবস্থা গ্রহণ করার কথা বলা আছে। গুরুত্বপূর্ণভাবে, প্রোমোটারের স্পেশাল ইভেন্ট অ্যাপ্লিকেশন একটি নির্দিষ্ট "বন্ধু এবং পরিবার" বিভাগের রেফারেন্স বাদ দিয়েছে যেখানে কনসার্টের কর্মীরা অবাধে জড়ো হতে পারেন এবং যেখানে মুখোশ পরা বলবত করা হয়নি।

একটি পুঙ্খানুপুঙ্খ স্বাস্থ্য বিভাগের (Department of Health, DOH) তদন্তের উপর ভিত্তি করে, 2,150 জনেরও বেশী কনসার্ট যাত্রী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন, যা পারমিট প্রতি সর্বোচ্চ সংখ্যা

অতিক্রম করে। উপরন্তু, এই অনুষ্ঠানের পারমিট অ্যাপ্লিকেশন এবং প্রচারণামূলক উপাদানে বর্ণিত অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা অনুযায়ী অনুষ্ঠিত হয়নি, এবং এমন পরিস্থিতি তৈরি করেছে যা নিউ ইয়র্কে COVID-19 ছড়িয়ে পড়ার ঝুঁকি বাড়িয়ে দেয়।

নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিভাগের কমিশনার ডঃ হাওয়ার্ড জুকার বলেন, "আমরা এই মহামারী জুড়ে অনেক পরিশ্রম করেছি সংক্রমণের হার কম রাখার জন্য, প্রমাণিত জন স্বাস্থ্য ব্যবস্থা ব্যবহার করে, এবং আমাদের নিশ্চিত করতে হবে যে সেগুলি যেন বলবত থাকে। যদি না থাকে তাহলে বলবতকরণ সব সময়ই একটা বিকল্প থাকে। সকল নিউ ইয়র্কবাসীদের জনস্বাস্থ্য রক্ষায় আমরা যে ব্যবস্থা নিতে পারি তা আমরা নেবো।"

"ইন দ্যা নো এক্সপেরিয়েন্সেস" এর বিরুদ্ধে এই আক্রমণাত্মক পদক্ষেপ অন্যান্য রাজ্যের ব্যবস্থার প্রতিফলন, যার মধ্যে রয়েছে রাষ্ট্রীয় মদ কর্তৃপক্ষ (State Liquor Authority) এবং রাজ্য পুলিশ টাস্ক ফোর্সের (State Police Task Force) বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করা অনুবর্তিতা বলবতকরণের উদ্দেশ্যে, সেই সাথে ক্লাস্টার অ্যাকশন ইনিশিয়েটিভ (Cluster Action Initiative), যা আশেপাশের ক্লাস্টার এবং এলাকাকে লাল, কমলা এবং হলুদ অঞ্চলে বিভক্ত করে এবং প্রতিটির ভিতর পরপর উচ্চতর সীমাবদ্ধতা প্রদান করে COVID-19 এর বিস্তার রোধ করার জন্য।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন